



কর্মসংস্থান ব্যাংক

এবং

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ- এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন সংক্রান্ত  
সমঝোতা স্মারক

জুলাই-১, ২০১৫ হতে জুন ৩০, ২০১৬

## সূচিপত্র

প্রতিষ্ঠানের কর্মসম্পাদনের সংক্ষিপ্ত চিত্র	পৃষ্ঠা নং ০৩ থেকে ০৪
প্রস্তাবনা	পৃষ্ঠা নং ০৫
সেকশন ১ঃ	
❖ রূপকল্প (Vision)	পৃষ্ঠা নং ০৬
❖ অভিলক্ষ্য (Mission)	পৃষ্ঠা নং ০৬
❖ কৌশলগত উদ্দেশ্যসমূহ	পৃষ্ঠা নং ০৭
❖ কার্যাবলী	পৃষ্ঠা নং ০৮
সেকশন ২ঃ	
কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহঃ	
ক) কৌশলগত উদ্দেশ্যসমূহ	পৃষ্ঠা নং ০৯
খ) আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ	পৃষ্ঠা নং ১০ থেকে ১১

প্রতিষ্ঠানের কর্মসম্পাদনের সংক্ষিপ্ত চিত্র  
(Overview of the Performance of the Institutions)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা :

- সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা
- সাম্প্রতিক বছর সমূহের (৩ বছর) প্রধান অর্জন সমূহ
- ভবিষ্যৎ পরিকল্পনা
- ২০১৫-১৬ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ

তহবিল ঘাটতি নিরসন এবং স্বল্পসুদে/সুদ বিহীন তহবিল সংগ্রহের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করা হয়েছে। ইতিমধ্যে বাংলাদেশ ব্যাংক থেকে ঋণ হিসাবে ১০০.০০ কোটি টাকা পাওয়া গেছে এবং বাংলাদেশকে দুধে স্বয়ংসম্পূর্ণ করার জন্য গ্রাহক পর্যায়ে ৫% হারে ঋণ প্রদানের জন্য বাংলাদেশ ব্যাংক হতে আরও ১৫.০০ কোটি টাকা প্রাপ্তির বিষয়টি প্রক্রিয়াধীন আছে। সম্ভাব্য অন্যান্য উৎস থেকে তহবিল সংগ্রহের প্রচেষ্টা অব্যাহত আছে।

বর্তমানে আইটি খাত সবচেয়ে চ্যালেঞ্জ খাত হিসাবে চিহ্নিত। পিছিয়ে পড়া এ ব্যাংকের দৈন্যদশা নিরসন তথা ব্যাংকের সর্বস্তরে গতিশীলতা, স্বচ্ছতা ও জবাবদিহিতা আনয়নের লক্ষ্যে প্রধান কার্যালয়সহ ব্যাংকের সকল শাখায় অটোমেশন করার পরিকল্পনা গ্রহন করা হয়েছে।

অটোমেশন কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে ব্যাংকের সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের পর্যায়ক্রমে কম্পিউটার প্রশিক্ষণ দেয়া হচ্ছে এবং তাদেরকে কম্পিউটার ক্রয়ের জন্য স্বল্প সুদে ঋণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হচ্ছে।

- সাম্প্রতিক বছর সমূহের (৩বছর) প্রধান অর্জন সমূহ :

ক্রমিক নং	ইন্ডিকেটর	একক	২০১২-২০১৩ অর্জন	২০১৩-২০১৪ অর্জন	২০১৪-২০১৫ অর্জন
১	২	৩	৪	৫	৬
১	ঋণ বিতরণ	কোটি টাকায়	৩৬৩.৯৯	৩৭৬.০৪	৪০৮.০০
২	ঋণ আদায়	কোটি টাকায়	৩৭৪.০০	৪৩৮.০০	৪৩৪.৫৪
৩	ঋণ প্রদানের হার (মোট বিতরণের তুলনায়)				
	ক) দুগ্ধ উৎপাদন খাতে	শতকরা	১৮%	১৯%	২১%
	খ) অন্যান্য গবাদি পশু পালন খাতে		২৬%	২৮%	২৮%
	গ) চিংড়ী ও অন্যান্য মৎস্য চাষ খাতে		১০%	১০%	১০%
৪	কর্মসংস্থান সৃজন				
	ক) পুরুষ	সংখ্যা	১০৩৮১৩	৯৬১২০	৯৯৩৬৯
	খ) মহিলা		৩৬৫৯১	৪৫৮১৮	৪৭৯৯৯
৫	প্রতিশন সংরক্ষনের হার	শতকরা	১০০%	১০০%	১০০%
৬	অডিট আপত্তি নিষ্পত্তির হার				
	ক) অডিট আপত্তি	শতকরা	৩৮%	৪৬%	৩৯%
	খ) বাংলাদেশ ব্যাংক পরিদর্শন আপত্তি		১০০%	১০০%	১০০%
৭	কর ও প্রতিশন পরবর্তী মুনাফা	কোটি টাকায়	২.২০	১.৩২	২.৮৪
৮	অটোমেশনঃ				
	ক) ই-মেইল ব্যবহার	সংখ্যা	-	২১২	৪৩
	খ) কম্পিউটার		-	০	০২

➤ সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ :

সমস্যা :

- (১) তহবিল সংকট ;
- (২) জনবল সমস্যা ;
- (৩) যানবাহন সমস্যা ;
- (৪) প্রধান কার্যালয়ের ভবন নির্মাণের জন্য তহবিল সমস্যা।

চ্যালেঞ্জসমূহ :

- (১) শ্রেণীকৃত ঋণের হার এক অংকে (1 digit) নামিয়ে আনা ;
- (২) অটোমেশন বাস্তবায়ন করা ;
- (৩) ই-টেন্ডারিং ;
- (৪) মোবাইলের মাধ্যমে গ্রাহক সেবা পৌঁছানো ;
- (৫) সেবার মাধ্যমে আয় বর্ধন করা ;
- (৬) অধিকসংখ্যক বেকার যুবদের কর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র বিমোচন।

➤ ভবিষ্যৎ পরিকল্পনা :

- (১) বেকার যুবদের কর্মসংস্থান সৃষ্টি করা ;
- (২) প্রতিটি উপজেলায় কমপক্ষে ০১টি করে শাখা খোলা ;
- (৩) ব্যাংকে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতাবৃদ্ধির লক্ষ্যে অর্থ মন্ত্রণালয়ের সাথে কেপিআই এবং লক্ষ্যমাত্রা অনুযায়ী বার্ষিক জনপ্রতি ১০০ শ্রমঘন্টা প্রশিক্ষণ প্রদানের পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন চলমান রয়েছে ;
- (৪) প্রস্তাবিত ভবন নির্মাণ ;
- (৫) ১০০০ কোটি টাকায় ঋণ স্থিতি উন্নীত করা ;
- (৬) প্রতিটি শাখার লাভজনক অবস্থা অব্যাহত রাখা ;
- (৭) শ্রেণীকৃত ঋণ হ্রাসকরণ ;
- (৮) আমানত বৃদ্ধিকরণ ;
- (৯) মুনাফা বৃদ্ধিকরণ।

➤ ২০১৫-১৬ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ :

- (১) ৪৮০.০০ কোটি টাকা ঋণ বিতরণ ;
- (২) ৪৫০ কোটি টাকা ঋণ আদায় ;
- (৩) বাংলাদেশ ব্যাংক হতে মৎস্য ও প্রাণী সম্পদ খাতে প্রাপ্ত ১০০.০০ কোটি টাকা ঋণ বিতরণ ;
- (৪) বাংলাদেশকে দুধে স্বয়ংসম্পূর্ণ করার লক্ষ্যে দুগ্ধ উৎপাদন ও কৃত্রিম প্রজনন খাতে ১৫.০০ কোটি টাকা বিতরণ ;
- (৫) সিটিজেন চার্টার যথাযথভাবে অনুসরণ।

## প্রস্তাবনা (Preamble)

কর্মসংস্থান ব্যাংক এর প্রতিনিধি হিসাবে চেয়ারম্যান, বোর্ড অব ডিরেক্টরস ও ব্যবস্থাপনা পরিচালক

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থ মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এর মধ্যে ২০১৫ সালের অক্টোবর মাসের ১২ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন সংক্রান্ত সমঝোতা স্মারক স্বাক্ষরিত হল।

এই সমঝোতা স্মারকে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন :

## সেকশন ১:

প্রতিষ্ঠানের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি :

### ১.১ রূপকল্প (Vision):

দেশের বেকার বিশেষ করে বেকার যুবদের কর্মসংস্থানের মাধ্যমে অর্থনৈতিক উন্নয়ন কর্মকাণ্ডে সম্পৃক্তকরণ।

### ১.২ অভিলক্ষ্য (Mission):

- (ক) সহজ শর্তে ও স্বল্প সুদে ঋণ প্রদান করে বেকার যুবদের আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টির মাধ্যমে দেশের আর্থসামাজিক উন্নয়নে অবদান রাখা ;
- (খ) ঋণ গ্রহীতাদের সঞ্চয়ে উদ্বুদ্ধকরা ;
- (গ) কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে সরকারের অনুমোদন সাপেক্ষে কোন দাতা সংস্থা বা প্রতিষ্ঠান হতে ঋণ অথবা অনুদান গ্রহন এবং প্রাতিষ্ঠানিক সঞ্চয় সংগ্রহ ;
- (ঘ) দেশের সকল অঞ্চলে সুযম উন্নয়নের লক্ষ্যে পর্যায়ক্রমে সকল উপজেলায় শাখা খোলা ;
- (ঙ) ডিজিটাল বাংলাদেশ গঠন এবং এক্সেস টু ইনফরমেশন নিশ্চিত করার লক্ষ্যে ব্যাংকের যাবতীয় কার্যাবলী কম্পিউটারাইজেশন এর আওতায় আনয়ন ;
- (চ) বেকারদের প্রশিক্ষণ, কল্যাণ ও উন্নয়নের জন্য প্রতিষ্ঠান স্থাপন বা প্রকল্প গ্রহণ, ব্যবস্থাপনা, উন্নয়ন ও পরিচালনা করা ;
- (ছ) বেকার কর্মশক্তিকে বিনিয়োগ বিশেষ করে কৃষিপণ্য প্রক্রিয়াকরণসহ কুটির শিল্পে বিনিয়োগে উৎসাহিত করে বেকার যুব সমাজকে অর্থনৈতিক কর্মকাণ্ডে সম্পৃক্ত করা ;
- (জ) যুবদের মূল্যবান সম্পদ নিরাপদ হেফাজতে সংরক্ষণপূর্বক আর্থিক নিরাপত্তা নিশ্চিত করণ ;
- (ঝ) ঋণ গ্রহীতাদের ব্যবস্থাপনা, বিপণন, কারিগরী ও প্রশাসনিক সহায়তা প্রদান করে কম খরচে পণ্য ও সেবা প্রদান করা ;
- (ঞ) ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের সাথে এজেন্ট হিসাবে কার্যক্রম পরিচালনাপূর্বক আর্থিক লেনদেন এর পরিধি (Financial Inclusion) বিস্তৃতকরণ ;
- (ট) দেশের অভ্যন্তরে অর্থ এবং সিকিউরিটিজ গ্রহণ, প্রেরণ ও পরিশোধ করে অর্থনীতিতে কর্মচাপ্ণল্য সৃষ্টি করা ;
- (ঠ) দেশে কর্মসংস্থান, বিশেষ করে, আত্ম-কর্মসংস্থান সম্পর্কে তথ্য সংগ্রহ, গবেষণা এবং প্রকাশনার মাধ্যমে ক্ষুধা ও দারিদ্রমুক্ত সমাজ বিনির্মাণ করা ;
- (ড) সকল ক্রয়ের ক্ষেত্রে স্বচ্ছতা নিশ্চিত করণ।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

- বেকার যুবদের আত্মকর্মসংস্থান সৃষ্টি ;
- পর্যায়ক্রমে প্রতিটি উপজেলায় ব্যাংকের শাখা খোলা ;
- ঋণ গ্রহিতাদের পরিবর্তনশীল চাহিদা পূরণের জন্য ঋণের ধরন ও পরিধি পরিবর্তন/পরিবর্ধন ;
- ব্যাংক ঋণ কার্যক্রম সুপারভিশন ও মনিটরিং করার জন্য যোগ্য প্রতিনিধি নিয়োগ করা ;
- প্রশিক্ষণের মাধ্যমে মানব সম্পদ উন্নয়ন ;
- প্রয়োজনীয় জনবল নিয়োগ ;
- নিজস্ব ভবন নির্মাণ ;
- শ্রেণীকৃত ঋণ হ্রাসকরণ ।

#### ১.৩.১ প্রতিষ্ঠানের কৌশলগত উদ্দেশ্যসমূহ :

- ঋণ ঝুঁকি কমানোর জন্য বাজার ও ঋণ গ্রহিতাদের চাহিদা মোতাবেক নতুন প্রকল্প স্থাপন ;
- পর্যায়ক্রমে প্রতিটি উপজেলায় ব্যাংকের শাখা খোলা ;
- দ্রুত অটোমেশনের মাধ্যমে শাখার তথ্য বিন্যাস করা ;
- ডিজিটাল পদ্ধতিতে সকল যোগাযোগ প্রযুক্তি স্থাপন ;
- তহবিল ঘাটতি নিয়ন্ত্রণ এবং স্বল্প সুদে/সুদ বিহীন তহবিল সংগ্রহে পদক্ষেপ গ্রহণ ;
- অটোমেশন কার্যক্রম সুক্ষ্মভাবে পরিচালনার লক্ষ্যে ব্যাংকের সকল কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান ;
- খেলাপী ও মেয়াদোত্তীর্ণ ঋণ আদায়ে প্রধান কার্যালয়ের মহাব্যবস্থাপক, উপ-মহাব্যবস্থাপক, সহকারী মহাব্যবস্থাপকদের শাখা মনিটরিং এর দায়িত্ব প্রদান ;
- শাখার গুণগতমান বৃদ্ধি এবং সকল কাজে স্বচ্ছতা বৃদ্ধির জন্য আঞ্চলিক পর্যায়ে নিরীক্ষা ইউনিট স্থাপন ;
- শাখার পরিচিতির জন্য ডিজিটাল সাইনবোর্ড স্থাপন ।

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

- মানি লভারিং বিষয়ে শাখাকে সতর্ককরণ ;
- জাতীয় শুদ্ধাচার নীতি এবং নৈতিকতা বাস্তবায়নে শুদ্ধাচারভিত্তিক প্রশিক্ষণ প্রদান ;
- স্বচ্ছ ঋণ দান কর্মসূচী এবং উদ্যোক্তা প্রশিক্ষণ প্রদান ;
- ডাটা সেন্টার স্থাপন ;
- সকল ক্রয়ের ক্ষেত্রে স্বচ্ছতা নিশ্চিত করণ ;
- ডিজিটাল বাংলাদেশ গঠন এবং এক্সেস টু ইনফরমেশন নিশ্চিত করার লক্ষ্যে ব্যাংকের যাবতীয় কার্যাবলী কম্পিউটারাইজেশন এর আওতায় আনয়ন ।

### ১.৪ কার্যাবলি (Functions):

ব্যাংক জামানত নিয়ে বা জামানত ব্যতিরেকে, নগদে বা অন্য কোন প্রকারে, সকল প্রকার অর্থনৈতিক কার্যক্রম, বিশেষ করে, বেকার যুবদের আত্ম-কর্মসংস্থানের জন্য ঋণ প্রদান করবে এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময় সময় আরোপিত শর্তাবলী সাপেক্ষে নিম্নবর্ণিত সকল বা যে কোন কার্য করতে পারবে যথা :

- বিধিবদ্ধ সংস্থা, কোম্পানী, ব্যাংকের ঋণ গ্রহীতা এবং সরকার কর্তৃক এতদ উদ্দেশ্যে নির্ধারিত একক ব্যক্তি নহেন এমন অন্য কোন ব্যক্তি হইতে আমানত গ্রহণ করা ;
- ব্যবসা পরিচালনার জন্য উহার সম্পদ বা অন্য কিছু জামানত রেখে ঋণ গ্রহণ করা ;
- ব্যাংক প্রদত্ত ঋণ এবং অগ্রিমের জামানত হিসাবে স্থাবর ও অস্থাবর সম্পত্তির প্লেজ (Pledge), বন্ধক, হাইপোথিকেশন (hypothecation) বা স্বহনিয়োগ (assignment) গ্রহণ করা ;
- কোন সংবিধিবদ্ধ সংস্থার শেয়ার খরিদ করা ;
- সেভিংস সার্টিফিকেট, মালিকানা দলিল বা অন্যান্য মূল্যবান সামগ্রী নিরাপদ হেফাজতে রাখার জন্য গ্রহণ করা ;
- যে কোন ধরনের তহবিল বা ট্রাস্ট গঠন, তার পরিচালন ও নিয়ন্ত্রণ এবং উক্তরূপ তহবিল বা ট্রাস্টের শেয়ার ধারণ ও বিলিবন্টন করা ;
- ঋণের অর্থ বিনিয়োগের ব্যাপারে ব্যাংকের ঋণ গ্রহীতাগণকে পরামর্শ প্রদান করা ;
- সরকার কর্তৃক অনুমোদিত খাতে ব্যাংকের তহবিল বিনিয়োগ করা ;
- বেকারদের প্রশিক্ষণ, কল্যাণ ও উন্নয়নের জন্য কোন প্রতিষ্ঠান স্থাপন বা প্রকল্প গ্রহণ, ব্যবস্থাপনা, উন্নয়ন ও পরিচালনা করা ;
- দেশের অভ্যন্তরে অর্থ এবং সিকিউরিটিজ গ্রহণ, সংগ্রহ, প্রেরণ ও পরিশোধ করা ;
- ব্যবসা পরিচালনার উদ্দেশ্যে বাসস্থানসহ স্থাবর ও অস্থাবর সম্পত্তি অর্জন, ব্যবস্থাপনা ও হস্তান্তর করা ;
- বেকারদের বিনিয়োগ সম্পর্কে পরামর্শদান করা ;
- বেকার কর্মশক্তিকে কৃষিপণ্য প্রক্রিয়াকরণসহ কুটির শিল্পে বিনিয়োগ উৎসাহ প্রদান করা ;
- ঋণ গ্রহীতাদের ব্যবস্থাপনা, বিপণন, কারিগরী ও প্রশাসনিক সহায়তা প্রদান করা ;
- কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে হিসাব খোলা বা তাদের সাথে চুক্তি সম্পাদন করা অথবা তাদের এজেন্ট হিসাবে কার্য সম্পাদন করা ;
- ব্যাংক কর্তৃক অর্জিত সকল সম্পত্তি বিক্রয় ও ব্যবস্থাপনা ;
- কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে সরকারের অনুমোদন সাপেক্ষে কোন দাতা সংস্থা বা প্রতিষ্ঠান হইতে ঋণ অথবা অনুদান গ্রহণ করা ;
- দেশে কর্মসংস্থান, বিশেষ করে আত্ম-কর্মসংস্থান সম্পর্কে তথ্য সংগ্রহ, গবেষণা এবং প্রকাশনার ব্যবস্থা গ্রহণ করা ;
- সরকার কর্তৃক সরকারী গেজেট প্রজ্ঞাপন দ্বারা অন্য যে সকল কার্য ব্যাংক কর্তৃক করা যেতে পারে বলে নির্দিষ্ট করা হয় সেই সকল কার্য করা ;
- কর্মসংস্থান ব্যাংক আইনের উদ্দেশ্যের সাথে সংগতিপূর্ণ অন্য যে কোন প্রয়োজনীয় ও প্রাসংগিক কার্য করা।



সেকশন ২

কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহঃ

(ক) প্রতিষ্ঠানের কৌশলগত উদ্দেশ্যসমূহ :

ক্রমিক নং	ইন্ডিকেটর	একক	২০১৩-১৪ অর্জন	২০১৪-২০১৫ অর্জন	২০১৫-২০১৬ লক্ষ্যমাত্রা	২০১৬-১৭ লক্ষ্যমাত্রা	২০১৭-১৮এর লক্ষ্যমাত্রা	Weight Factor
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
১	মোট ঋণ বিতরণ (কর্মচারী ঋণ ব্যতীত)							
	ক) বিতরণ	কোটি টাকায়	৩৭৬.০৪	৪০৮.০০	৪৮০.০০	৬০৫.০০	৬৩০.০০	৯
	খ) ঋণের স্থিতি		৬০২.১৬	৬৪৫.১৫	৬৭০.০০	৭০০.০০	৭৫০.০০	-
২	ঋণ আদায়ঃ							
	ক) লক্ষ্যমাত্রা	কোটি টাকায়	৪৩৮.০০	৪৩৪.৫৪	৪৫০.০০	৪৮০.০০	৫০০.০০	-
	খ) হার	শতকরা	৮৬%	১০০%	১০০%	১০০%	১০০%	৯
৩	শ্রেণীকৃত ঋণ	কোটি টাকায়	৬০.৮৪	৬২.৫০	৫০.০০	৩০.০০	২০.০০	০৫
৪	শ্রেণীকৃত ঋণ হতে নগদ আদায়		১১.৯৯	১৪.৭০	২০.০০	১৩.০০	২০.০০	০৫
৫	ঋণ প্রদানের হার (মোট বিতরণের তুলনায়)							
	ক) দুগ্ধ উৎপাদন খাতে	শতকরা	১৯%	২১%	২৫%	২৮%	৩০%	০৩
	খ) অন্যান্য গবাদি পশু পালন খাতে		২৮%	২৮%	৩৫%	৩৭%	৪০%	০৩
	গ) চিংড়ী ও অন্যান্য মৎস্য চাষ খাতে		১০%	১০%	১৩%	১৫%	২০%	০২
৬	কর্মসংস্থান সৃজন							
	ক) পুরুষ	সংখ্যা	৯৬১২০	৯৯৩৬৯	১০৬১৫২	১১৭২৭৪	১২০০০০	০৬
	খ) মহিলা		৪৫৮১৮	৪৭৯৯৯	৫২৬৮৮	৬৩২২৬	৬৫০০০	০৪
৭	নারী উদ্যোক্তাদের মধ্যে ঋণ বিতরণের হার	মোট বিতরণের তুলনায় শতকরা	৩২%	৩১%	৪০%	৫০%	১০০%	০৬
৮	প্রতিশন সংরক্ষনের হার		১০০%	১০০%	১০০%	১০০%	১০০%	০৫
৯	অডিট আপত্তি নিষ্পত্তির হার							
	ক) অডিট আপত্তি	শতকরা	৪৬%	৩৯%	৫০%	৫৫%	৬০%	০৫
	খ) বাংলাদেশ ব্যাংক পরিদর্শন আপত্তি		১০০%	১০০%	১০০%	১০০%	১০০%	০৩
১০	মামলা নিষ্পত্তির হার	অর্থঋণ ও অন্যান্য	২৯%	১৫%	৩০%	৩৫%	৪০%	০৫
১১	কর ও প্রতিশন পরবর্তী মুনাফা	কোটি টাকায়	১.৩২	২.৮৪	৩.৫০	৪.৫০	৫.০০	০৫
১২	অটোমেশনঃ							
	ক) ই-মেইল ব্যবহার	সংখ্যা	২১২	৪৩	২৫	৭৫	৮০	০৫
	খ) কম্পিউটার		০	০২	২৮	৫০	৬০	০৫
মোট Weight Factor								৮৫




সেকশন - ২ খ

দপ্তর/সংস্থার আর্থিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

কলার-১	কলার-২	কলার-৩	কলার-৪	একক (unit)	কলার-৫	কলার-৬					চলতি মান (Fair)	চলতি মান (Good)
						গন্ধ্যমাত্মক মান (২০১৫-২০২৬)						
কৌশলগত উদ্দেশ্য (strategic objectives)	উদ্দেশ্যের মান (Weight of strategic objectives)	কার্যক্রম (objectives)	কার্যসম্পাদন সূচক (performance Indicator)		কার্যসম্পাদন সূচকের মান (Weight of PI)	অসাধারণ (Excellent)	অতি উত্তম (Very good)	উত্তম (good)	১০০%	৯০%	৯০%	১০০%
১	১	কার্যক্রম (objectives)	বার্ষিক কর্মসম্পাদন বৃদ্ধি সাধন	তারিখ	১	১৫ অক্টোবর	১৯ অক্টোবর	২২ অক্টোবর	২৬ অক্টোবর	১৯ মে ২০২৬	১৯ মে ২০২৬	২৬
			বার্ষিক কর্মসম্পাদন বৃদ্ধি বাস্তবায়ন পরিসীম্বণ	সংখ্যা	১	৫	৮	৯	-	-	১৯ মে ২০২৬	১৯ মে ২০২৬
২	২	কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ আয়োজন	শাট পনামের কার্যালয়সমূহের সশেষ বার্ষিক কর্মসম্পাদন সংক্রান্ত সমঝোতা স্মারক স্বাক্ষর	তারিখ	১	২৮ এপ্রিল ২০১৬	৫ মে ২০১৬	১২ মে ২০১৬	১৯ মে ২০১৬	১৯ মে ২০১৬	২৬	
			কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ আয়োজন	জনঘণ্টা	১	৬০	৫৫	৫০	৪৫	৪৫	২৯	
৩	৩	কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ আয়োজন	দপ্তর /সংস্থার নৈতিকতা কমিটি গঠিত	তারিখ	১	২৯ অক্টোবর	০৮ নভেম্বর	১৫ নভেম্বর	২২ নভেম্বর	২৯		
			দপ্তর/সংস্থায় শৃঙ্খলার কর্মপরিকল্পনা প্রণীত	তারিখ	১	১ ডিসেম্বর	৭ ডিসেম্বর	১৪ ডিসেম্বর	২১ ডিসেম্বর	২৮		
			মন্ত্রণালয়ের তথ্য প্রকাশ নির্দেশিকা অনুসারে তথ্য প্রকাশিত	%	১	১০০	৯৫	৯৫	৯০	৮৫	১৬	
			দপ্তর/সংস্থার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও যোগাযোগের ঠিকানা সংকলন ওয়েবসাইটে প্রকাশিত	তারিখ	০.৫	১৫ অক্টোবর	২৯ অক্টোবর	১৫ নভেম্বর	২২ নভেম্বর	২৯		
			দপ্তর/সংস্থার বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত	তারিখ	০.৫	০১ নভেম্বর	০৮ নভেম্বর	১৫ নভেম্বর	২২ নভেম্বর	২৯		
৪	৪	পরিবর্তিত ফরম্যাটে মন্ত্রণালয়/বিভাগ এবং মাঠপর্যায়ের দপ্তরসমূহের সিটিজেনস চার্টার প্রণয়ন	পরিবর্তিত ফরম্যাটে মন্ত্রণালয়/বিভাগ এবং মাঠপর্যায়ের দপ্তরসমূহের সিটিজেনস চার্টার ওয়েবসাইটে প্রকাশিত	তারিখ	১	০১ নভেম্বর	০৮ নভেম্বর	১৫ নভেম্বর	২২ নভেম্বর	২৯		
			দপ্তর/সংস্থার অভিযোগ প্রতিকার বোঝাল পয়েন্ট নিম্নোক্ত	তারিখ	১	০১ নভেম্বর	০৮ নভেম্বর	১৫ নভেম্বর	২২ নভেম্বর	২৯		
			নাগরিকের নিকট হতে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তিকৃত	%	১	৯০	৮০	৭০	৬০	৫০		
			দপ্তর/ সংস্থার কর্মপক্ষে একটি করে অনলাইন দপ্তর/সংস্থার কর্মপক্ষে একটি করে সেবাশ্রিতিয়া সবেজীকৃত	তারিখ	১	০১ জুন ২০১৬	০৮ জুন ২০১৬	১৫ জুন ২০১৬	২২ জুন ২০১৬	২৯		
			দপ্তর/সংস্থার কর্মপক্ষে একটি করে সেবাশ্রিতিয়া সবেজীকৃত	তারিখ	১	০১ জুন ২০১৬	০৮ জুন ২০১৬	১৫ জুন ২০১৬	২২ জুন ২০১৬	২৯		
৫	৫	আভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন	বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (Budget Implementation Plan) প্রণীত ও দাখিলকৃত ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন	সংখ্যা	১	৫	৪	৩	২	২		
			বাতেট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন	%	১	৫০	৪৫	৪০	৩৫	৩৫		
৬	৬	আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন	বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (Budget Implementation Plan) প্রণীত ও দাখিলকৃত ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন	সংখ্যা	১	৫	৪	৩	২	২		
			আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন	%	১	৫০	৪৫	৪০	৩৫	৩৫		

আমিচেয়ারম্যান, বোর্ড অব ডিরেক্টরস এবং আমি ব্যবস্থাপনা পরিচালক কর্মসংস্থান ব্যাংক এর প্রতিনিধি হিসাবে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিবের নিকট অঞ্জীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমিসচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রীরপ্রতিনিধি হিসাবেচেয়ারম্যান, বোর্ড অব ডিরেক্টরসএবং ব্যবস্থাপনা পরিচালক কর্মসংস্থান ব্যাংকএর নিকট অঞ্জীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

 সচিব ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ অর্থ মন্ত্রণালয়	 চেয়ারম্যান বোর্ড অব ডিরেক্টরস কর্মসংস্থান ব্যাংক   ব্যবস্থাপনা পরিচালক কর্মসংস্থান ব্যাংক ব্যাংক
সাক্ষী	
ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ অর্থ মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা	(কফিল উদ্দিন আহাম্মদ চৌধুরী) মহাব্যবস্থাপক কর্মসংস্থান ব্যাংক প্রধান কার্যালয়, ঢাকা।
ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ অর্থ মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা	(মোঃ আব্দুল মান্নান) উপ-মহাব্যবস্থাপক কর্মসংস্থান ব্যাংক প্রধান কার্যালয়, ঢাকা।

তারিখ.....